

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 15-09-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যের গ্রয়োদশ বিধানসভার অষ্টম অধিবেশন আগামী ১৯শে সেপ্টেম্বর শুরু হবে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন দেশ বা কোন রাজ্যের উন্নয়নে প্রকৌশলীদের বিশেষ ভূমিকা রয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারের জন্য ৪০ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।
- (৪) সোনামুড়া আজ থেকে এম.এল.এ কাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৫ শুরু হয়েছে।

BAC Meeting :

ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পালের পৌরোহিত্যে আজ বিধানসভার কনফারেন্স হলে বিজেনেস এডভাইসরি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পরিষদীয় মন্ত্রী রত্নলাল নাথ, মুখ্যসচিতক কল্যাণী রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সহ অন্যান্য সদস্যরা। বৈঠক শেষে মন্ত্রী রত্নলাল নাথ জানান রাজ্যের গ্রয়োদশ বিধানসভার অষ্টম অধিবেশন শুরু হবে আগামী ১৯শে সেপ্টেম্বর। চলবে ২৩শে সেপ্টেম্বর পর্যন্ত। তিনি জানিয়েছেন মোট চারটি বিল সহ প্রশ্নোত্তর পর্ব, বেশ কয়েকটি বেসরকারি প্রস্তাব উপস্থাপিত হবে এই অধিবেশনে।

CM, ENGINEERS DAY :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন দেশ বা কোন রাজ্যের উন্নয়নে প্রকৌশলীদের বিশেষ ভূমিকা রয়েছে। তাদের ছাড়া কোনোভাবেই উন্নয়ন সম্ভব নয়। আজ আগরতলার প্রজ্ঞাতন্ত্রে ভারতর স্বয়ং এম বিশ্বেশ্বরাইয়ার জন্মদিন তথা ৫৮তম প্রকৌশলী দিবস উপলক্ষে দ্য ইনসিটিউট অফ ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া ট্রিপুরা শাখার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানের সূচনা করে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী এম বিশ্বেশ্বরাইয়ার প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রকৌশলীদের উদ্দেশ্যে, ট্রিপুরাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিজ্ঞা করার আহ্বান জানান। দক্ষতা ও নতুন নতুন উদ্ভাবনী শক্তি বৃদ্ধির ক্ষেত্রেও গুরুত্ব আরোপ করে মুখ্যমন্ত্রী বলেন রাজ্য উৎপাদিত সামগ্রীকে উন্নয়নের কাজে ব্যবহার করলে সাধারণ মানুষের জীবন জীবিকার ক্ষেত্রে তা সহায়ক হয়। তিনি আরো বলেন প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখেই রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। অপারেশন সিঁড়ুর থেকে মহাকাশ অভিযান, কৃষি, স্বাস্থ্য, স্টার্ট আপ, ই-অফিস প্রতিটি ক্ষেত্রেই প্রযুক্তির ব্যবহার রয়েছে বলে উল্লেখ করেন তিনি। আগামী দিনে বিকশিত ভারত গঠনে ইঞ্জিনিয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও তুলে ধরেন তিনি।

Byte-CM# # # #

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্য সচিব জে কে সিনহা, পূর্ত দফতরের সচিব কিরণ গিত্তে, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, এন আই টি র অধিকর্তা প্রফেসর এস কে পাত্র ও সংগঠনের ট্রিপুরা শাখার চেয়ারম্যান ইঞ্জিনিয়ার পরমানন্দ সরকার। অনুষ্ঠানে সুশান্ত দওকে এবছরের বেস্ট ইঞ্জিনিয়ার এওয়ার্ড প্রদান করা হয়।

* *

Engineer's Day-Ratan Lal Nath :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদির আত্মনির্ভর ভারত গঠনের স্বপ্নকে বাস্তবায়িত করতে প্রকৌশলীরা তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করেছেন। আজ আগরতলার উজ্জ্বল ভবনে ট্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের উদ্যোগে ৫৮তম প্রকৌশলী দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে

তিনি একথা বলেন। শ্রী নাথ বলেন প্রকৌশলীরা আধুনিক সভ্যতার নির্মাতা। তিনি পরিবেশ উদ্ভাবনের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন ত্রিপুরা বিদ্যুৎ পরিষেবাতে প্রকৌশলীরা আমূল পরিবর্তন এনেছেন। তিনি প্রযুক্তি সম্পর্কে ভবিষ্যৎ প্রজন্মকে আগ্রহী করে তুলতে প্রকৌশলীদের দায়িত্ব নেবার আহবান জানান। অনুষ্ঠানে টিপিটিএলের জেনারেল ম্যানেজার রঞ্জন দেৱৰ্মা, ওটি পি সিৱ হেড অফ অপারেশন শৌভিক চৌধুৱী, নিপকোৱ জেনারেল ম্যানেজার গোপাল কৰ্মকাৰ প্ৰমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে টিপিটিএলের যনচালকদেৱ সম্বৰ্ধনা দেওয়া হয়।

* * * * *

PM-Matabari :

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদি আগামী ২২শে সেপ্টেম্বৰ উদয়পুৱে মাতাবাড়িৰ ত্রিপুৱা সুন্দৱী মন্দিৱে, কেন্দ্ৰীয় সৱকাৱেৱ প্ৰসাদ প্ৰকল্পে নৰনিৰ্মিত কূৰ্ম আকৃতিৰ নাট মন্দিৱেৱ উদ্বোধন কৱবেন। মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ আগৱতলাৰ প্ৰজাভবনে এক অনুষ্ঠানে সাংবাদিকদেৱ প্ৰশ্ৰে উতৱে একথা জানিয়েছেন। এদিকে, বিধায়ক অভিষেক দেৱৱায় আজ আমাদেৱ গোমতী জেলা প্ৰতিনিধি শ্যামসুন্দৱ দওকে জানিয়েছেন, প্ৰধানমন্ত্ৰী ত্ৰিদিন বিকেল তিনটৈ পালাটানা ওটিপিসিৱ হেলিপ্যাডে নেমে সড়ক পথে মাতাবাড়ি মন্দিৱ প্ৰাঙ্গনে পৌঁছোবেন। তিনি মাতা ত্ৰিপুৱাসুন্দৱী মন্দিৱে পুজো শেষে দিল্লিৰ উদ্দেশ্যে রওনা দেবেন। প্ৰধানমন্ত্ৰীৰ এই সফৱকে কেন্দ্ৰ কৱে আৱ অন্য কোন কৰ্মসূচি নেই বলে বিধায়ক জানিয়েছেন। মাতাবাড়িতে প্ৰধানমন্ত্ৰীৰ আগমনকে কেন্দ্ৰ কৱে ব্যাপক প্ৰস্তুতি চলছে। নিৱাপত্তা ব্যবস্থা জোৱদার কৱা হচ্ছে।

* * * * *

Update Akashvani :

এথৰ শুনছেন, আকাশবাণী আগৱতলা কেন্দ্ৰ থেকে।

Sound Byte# # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিলিউ. ডিলিউ. ডিলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

PM, Bihar :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে, সরকার জিএসটি হারে ব্যাপক হ্রস্ব করেছে। এই হার নবরাত্রি থেকে কার্যকর হবে। আজ পূর্ণিয়ার শীশা বদি ময়দানে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, এর ফলে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমবে, গৃহিণীরা আরও বেশি সশ্রয় করতে পারবেন কারণ সাবান, পেস্ট, স্টেশনারি এবং পোশাক সম্মত হবে। প্রধানমন্ত্রী বলেন, এন্ডিএ সরকার বিহার, পশ্চিমবঙ্গ এবং আসাম অঞ্চলকে অনুপ্রবেশকারীদের হাত থেকে মুক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

এর আগে, প্রধানমন্ত্রী বিহারের পূর্ণিয়া জেলা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রি রাজ্যের জন্য ৪০ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উন্নোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী নবনির্মিত পূর্ণিয়া বিমানবন্দরের উন্নোধন করেন এবং বিমানবন্দর থেকে বিমান পরিষেবার সূচনা করেন। শ্রী মোদী বিহারে জাতীয় মাথানা বোর্ডেরও সূচনা করেন। বোর্ডটি উৎপাদন ও নতুন প্রযুক্তির বিকাশকে উৎসাহিত করবে, ফসল কাটার পরবর্তী ব্যবস্থাপনাকে শক্তিশালী করবে, মূল্য সংযোজন ও প্রক্রিয়াকরণকে উৎসাহিত করবে এবং বাজার, রপ্তানি ও ব্র্যান্ড উন্নয়নের সুবিধার্থে বিহার ও সারা দেশের মাথানা কৃষকদের উপরূপ করবে। শ্রী মোদী প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ-এর আওতায়

৩৫,০০০গ্রামীণ সুবিধাভোগীদের জন্য গৃহ প্রবেশ অনুষ্ঠানে অংশ নেন এবং প্রধানমন্ত্রী আবাস যোজনা-নগর-এর আওতায় প্রায় ৬০,০০০ শহরে সুবিধাভোগীদের কাছে সম্পূর্ণ বাড়ির চাবি হস্তান্তর করেন।

Byte-PM# # #

* * * * *

PM-West Bengal :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ড সদর দপ্তর বিজয় দুর্গে সম্মিলিত কমান্ডারদের সম্মেলন CCC2025-এ যোগ দিয়েছেন। তিনি অপারেশন সিন্দুরে সাহসিকতা এবং জাতি গঠনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেছেন।

আজ প্রধানমন্ত্রী ভারতের ভবিষ্যৎ প্রস্তুত সশস্ত্র বাহিনীর জন্য ভারতীয় সশস্ত্র বাহিনী ভিশন ২০৪৭ নথি উন্মোচন করেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডেভাল, প্রতিরক্ষা প্রধান জেনারেল অনিল চৌহান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

* * * * *

Package Story-Swacch Bharat :

স্বচ্ছ ভারত অভিযান শুরু হওয়ার পর মাঝখানে কেটে গেছে ১১ বছর। কেউ কি ভাবতে পেরেছিলেন যে লালকেল্লার প্রাকার থেকে শৌচালয় বিপ্লবের কথা হবে ? কিন্তু ২০১৪-র ১৫ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেটাই করে দেখালেন। শুনুন একটি প্রতিবেদন।

VC# # #

* * * * *

CM-Football :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার বক্রনগর মিনি স্টেডিয়ামে আজ এম.এল.এ কাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৫ টুর্নামেন্টের উদ্বোধন করেন। তিনি বলেন, ত্রিপুরার ছেলে-মেয়েরা যাতে খেলাধূলায় আরো উন্নত হয়ে জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সুনাম অর্জন করতে পারে, রাজ্য সরকার সেই লক্ষ্যেই আন্তরিকভাবে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির খেলো ইন্ডিয়া ও রাজ্যের খেলো ত্রিপুরা কর্মসূচিতে বহু যুবক-যুবতীরা যুক্ত হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, বিধায়ক তফাজ্জল হোসেন, সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বিজয় দেববর্মা প্রমুখ উপস্থিতি ছিলেন। উদ্বোধনী ম্যাচ হয় পুটিয়া ইলেভেন স্টার ও কলমচৌড়া ইলেভেন স্টারের মধ্যে। ২-০ গোলে কলমচৌড়া জয়লাভ করে। ১ মাস ব্যপী এই টুর্নামেন্টে মোট ১৬টি দল অংশগ্রহণ করেছে।

* * * * *

Weather :

আগামী ২৪ ষন্টায় রাজ্যের পশ্চিম, খোয়াই, সিপাহীজলা, গোমতী এবং দক্ষিণ জেলাতে ভারী বৃষ্টিপাতারের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.১ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২.৬ মিলিমিটার।

* * * * *